

সমবায় সমিতির জন্য অনুসরণীয় জ্ঞাতব্যঃ

করনীয় সমূহঃ

- সমবায় আইন,বিধি ও উপ-আইন মোতাবেক সমিতি পরিচালনা করা।
- সমবায় সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য সকল সদস্যকে অবহিত করা।
- সদস্যদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও শেয়ার একত্রীত করে মূলধন গঠন করা।
- ব্যবসায়িক ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহন করা।
- প্রতি মাসে কমপক্ষে একটি ব্যবস্থপনা কমিটির সভা অনুষ্ঠান করা।
- অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্য বার্ষিক সাধারণ সভা ও মেয়াদ শেষ হওয়ার পূর্বেই যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান করা।
- সমিতির যাবতীয় খাতাপত্র হালনাগাদ লিপিবদ্ধ ও সঠিকভাবে সংরক্ষন করে, অডিটের জন্য উপস্থাপন করা।
- বার্ষিক অডিট শেষে অডিটে উত্থাপিত আপত্তির উপর সংশোধনী প্রতিবেদন দাখিল করা।
- অডিট অফিসারের সুপারিশের প্রেক্ষিতে সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টন করা।
- ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা।
- সমিতির যাবতীয় আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করা।

বর্জনীয় সমূহঃ

- ❖ নিবন্ধন ছাড়া সমবায়ের নামে কোন আর্থিক লেনদেন করা যাবে না।
- ❖ বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে ব্যাংকিং ব্যবসা পরিচালনা করা যাবে না।

- ❖ সমিতির সদস্য ছাড়া অন্য কারো কাছ থেকে আমানত গ্রহণ ও ঋণ প্রদান করা যাবে না।
- ❖ অতি মুনাক্কা বেশি সুদের লোভ দেখিয়ে মেয়াদী আমানত গ্রহণ করা যাবে না।
- ❖ সমবায় সমিতির কার্যক্রম পরিচালনার জন্য কোন শাখা অফিস খোলা যাবে না।
- ❖ সভ্য নির্বাচনী এলাকার বাহিরে কোন সদস্য ভর্তি করা যাবে না।
- ❖ সাধারণ সদস্যদের স্বার্থের পরিপন্থি কোন কাজ করা যাবে না।
- ❖ নিজেদের মধ্যে দ্বন্দ্ব সংঘাতে জড়িত হওয়া যাবে না।